# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**27 APRIL 2026** **7:45—7:55 PM**

---

(১) আগামী চৌঠা মে অনুষ্ঠেয় আসাম বিধানসভা নির্বাচনের ভোট গণনার জন্য নির্বাচন কমিশনের যাবতীয় প্রস্তুতি গ্রহণ/ কাছাড়, শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায়ও প্রস্তুতি জোরকদমে/

(২) রাজ্য বিধানসভা নির্বাচন সম্পর্কে গুয়াহাটিতে অসম গণ পরিষদের পর্যালোচনা বৈঠক/

(৩) উচ্চমাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষার ফলাফল আগামীকাল ঘোষণা/

(৪) গতরাতে ভেঙে পড়ে কাছাড় জেলার বড়খলার রংঘর ও ভাঙ্গারপার সংযোগী হারাং নদীর উপরে নির্মিত একটি ফুটব্রীজ /

এবং

(৫) কাছাড় পুলিশের অভিযানে আই পি এল ক্রিকেটের জুয়ার সঙ্গে জড়িত অভিযোগে শিলচরের বিভিন্ন স্থান থেকে পাঁচজন গ্রেপ্তার/

---

আগামী চৌঠা মে রাজ্যের ৩৫ টি জেলার মূখ্য কার্যালয়ে সকাল ৮ টা থেকে বিধানসভা নির্বাচনের ভোটগণনা করা হবে । এর জন্য নির্বাচন কমিশন যাবতীয় প্রস্তুতি গ্রহণ করেছে । ভোটগণনা প্রক্রিয়ায় নিয়োজিত আধিকারিক কর্মীদের প্রশিক্ষণ আরম্ভ হয়েছে ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আগামী চৌঠা মে'র ভোটগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যাবতীয় প্রস্তুতি নেওয়া হচ্ছে ।

কাছাড়ের জেলা প্রশাসনের উদ্যোগে বিধানসভা নির্বাচনের ভোট গণনা সুষ্ঠভাবে ও নির্বিঘ্নে সম্পন্ন করার উদ্দেশ্যে আগামী বুধবার ও শনিবার শিলচর সরকারী উচ্চতর মাধ্যমিক বালক বিদ্যালয়ে গণনাকর্মীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে । এই প্রশিক্ষণ সকাল সাড়ে ১০টা থেকে শুরু হবে ।

---

এদিকে শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের ভোট গননার কাজে যুক্ত মাইক্র অবজারভার ও কাউন্টি সুপারভাইজার এবং কাউন্টি অ্যাসিস্টেন্টদের আজ জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহ এবং রবীন্দ্র সদন মহিলা কলেজে প্রশিক্ষন অনুষ্ঠিত হয় ।

এদিকে হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা আসনের ভোট গননার প্রস্তুতি ও প্রশিক্ষন কর্মশালা অব্যাহত রয়েছে । জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল ও আগামী বৃহস্পতিবার এবং আগামী শনিবার হাইলাকান্দির শ্রীকিষান সারদা কলেজে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

---

বিধানসভা নির্বাচনের ফলাফল ঘোষণার আর মাত্র কয়েকটি দিন বাকী থাকা অবস্থায় আজ অসম গণ পরিষদ দল গৌহাটীতে এক পর্যালোচনা বৈঠকের আয়োজন করে । খানাপারার নয়মাইলে অনুষ্ঠিত এই বৈঠকে দলের সভাপতি অতুল বরা ,কার্যকরী সভাপতি কেশব মহন্ত সহ বেশকয়েকজন শীর্ষ নেতা অংশগ্রহণ করেন । বৈঠকে বিধানসভা নির্বাচন সম্পর্কে পর্যালোচনা করা সহ চৌঠা মে অনুষ্ঠেয় ভোটগণণা সম্পর্কেও আলোচনা করা হয় । বৈঠকে দলটির মুখপাত্রগণ সহ অগপর হয়ে প্রতিদ্বন্দিতা করা প্রার্থীরাও উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের মূখ্য সচিব রবি কোটার সঙ্গে গৌহাটী প্রেস ক্লাবের আধিকারিকরা আজ এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হন । এই বৈঠকে সাংবাদিক এবং সংবাদ কর্মীদের স্বাস্থ্য , বীমা ,সাংবাদিকদের নিরাপত্তা ইত্যাদি নিয়ে আলোচনা করা হয় । প্রেস ক্লাবের আধিকারিকরা বৈঠকে সাংবাদিকদের বিভিন্ন সমস্যা উত্থাপন করেন । মূখ্য সচিব শ্রী কোটা সাংবাদিকদের দাবীসমূহকে গুরুত্ব দিয়ে এক্ষেত্রে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের প্রতিশ্রুতি দেন ।

---

চলতি বছরের উচ্চ মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষার ফলাফল আগামীকাল ঘোষণা করা হবে । গত ১১ ফেব্রুয়ারী থেকে ১৬ মার্চ পর্যন্ত অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক চূড়ান্ত বর্ষের

পরীক্ষায় এবার তিন লক্ষ ৩০ হাজার ৭৪৪ জন শিক্ষার্থী অবতীর্ণ হয়েছে । এরমধ্যে কলা শাখায় ২ লক্ষ ৪৭ হাজার ৮৬৫ জন ,বিজ্ঞান শাখায় ৬১ হাজার ৫৬৮ জন এবং বাণিজ্য শাখায় ১৯ হাজার ৮০৬ জন পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছিলো ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নীতি আয়োগের পূর্ণকালীন সদস্যরূপে নবনিযুক্তিপ্রাপ্ত ডঃ গোবর্ধন দাসের সঙ্গে সাক্ষাৎ করেছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেছেন যে- ডঃ দাসের ব্যক্তিগত জীবনযাত্রা যথেষ্ট অনুপ্রেরণামূলক এবং তিনি সমাজের প্রতি সেবার মনোভাব নিয়ে জীবনের প্রতিটি প্রত্যাহ্বানের সম্মুখীন হয়েছেন । প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে- ডঃ গোনর্ধন দাস জনস্বাস্থ্য এবং রোগ সংক্রমণ প্রতিরোধের ক্ষেত্রে অসামান্য অবদান রেখেছেন । শ্রী মোদী বলেন- ডঃ দাসের কর্ম অভিজ্ঞতা এবং বিশেষ জ্ঞান দেশের নীতি নির্ধারণ প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে ।

---

‘প্রধানমন্ত্রী জাতীয় বাল পুরস্কার-২০২৬’ এর মনোনয়ন দাখিল প্রক্রিয়া আরম্ভ হয়েছে । পাঁচ থেকে আঠারো বছর বয়সের ছেলেমেয়েরা এই পুরস্কারের জন্যে মনোনয়ন জমা দিতে পারবে । আগামী ৩১শে জুলাইয়ের মধ্যে মনোনয়ন পত্র জমা দিতে হবে । সমগ্র দেশে ছোট ছেলেমেয়েদের বিভিন্ন ক্ষেত্রে অসাধারণ সাফল্যকে স্বীকৃতি জানাতে রাষ্ট্রপতির পক্ষ থেকে প্রতি বছর এই পুরস্কার প্রদান করা হয়ে থাকে । সাহসিকতা, সমাজসেবা, পরিবেশ, ক্রীড়া, কলা-সংস্কৃতি এবং বিজ্ঞান-প্রযুক্তি ইত্যাদি ক্ষেত্রে বিশেষ পারদর্শিতা ও সাফল্য প্রদর্শন করা শিশু-কিশোরদের এই পুরস্কার দেওয়া হয় । এই বছরের মনোনয়ন কেবলমাত্র জাতীয় পুরস্কার পোর্টালের মাধ্যমেই দাখিল করা যাবে । নিজস্ব মনোনয়ন এবং অনুমোদনও এই ক্ষেত্রে বিবেচনা করা হবে ।

---

রাজ্যসভায় বিজেপির সাংসদদের সংখ্যা বর্তমানে বেড়ে ১১৩ হয়েছে । সামাজিক মাধ্যমের এক বার্তায় কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু আজ এই তথ্য দিয়ে বলেন যে- রাজ্যসভার সভাপতি সি পি রাধাকৃষ্ণণ আম আদমি পার্টি থেকে আসা সাতজন সাংসদের বিজেপিতে যোগদানের ক্ষেত্রে অনুমোদন জানিয়েছেন । এই সাংসদগণ হলেন- রাঘব চাড্ডা, অশোক মিত্তাল, সন্দীপ পাঠক, স্বাতী মালিওয়াল, হরভজন সিং, রাজিন্দর গুপ্তা এবং বিক্রম সাহানি । এই সাংসদরা বিজেপিতে যোগদানের পর বর্তমানে রাজ্যসভায় আম আদমি পার্টির সাংসদের সংখ্যা হ্রাস পেয়ে তিন-এ দাঁড়িয়েছে । মন্ত্রী শ্রী রিজিজু বিজেপিতে যোগ দেওয়া সাংসদদের স্বাগত

জানিয়ে বলেন যে- তারা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রাষ্ট্র নির্মাণে অনন্য অবদান যোগাবেন ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলার বড়খলা বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত হারাং নদীর উপর রংঘর এবং ভাঙ্গারপার সংযোগী একটি ফুটব্রীজ গতকাল গভীর রাতে ভেঙ্গে পড়েছে । প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন ফুটব্রীজটি পার হওয়ার সময় সেতু ভেঙ্গে পড়লে পথচারীদের কয়েক জন নদীতে ঝাপ দিয়ে সাঁতরে প্রাণ রক্ষা করেন । স্থানীয় লোকজন জানিয়েছেন যে- ফুটব্রীজ ভেঙ্গে পড়ার ফলে রংঘর ও ভাঙ্গারপার এলাকার প্রায় পাঁচ হাজার লোক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছেন । স্থানীয় জনসাধারণের পক্ষ থেকে ভেঙ্গে পড়া সেতু অবিলম্বে সংস্কার ও নতুন সেতু নির্মাণের দাবী জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গোপন সুত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে শিলচর শহরের বিভিন্ন স্থান থেকে আই পি এল ক্রিকেটের জুয়ার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পাঁচজনকে আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- পুলিশ প্রথমে একজনকে আটক করে এবং আটক ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করে শহরের অন্যান্য স্থান থেকে পুলিশ আই পি এল জুয়ার সঙ্গে যুক্ত আরো চারজনকে আটক করে । জেলার অপরাধ অনুসন্ধান শাখার অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমার পলের নেতৃত্বে চালানো অভিযানে আটক ব্যক্তিদের কাছ থেকে পুলিশ নগদ প্রায় ৮০ হাজার টাকা , সাতটি এনড্রয়েড মোবাইল ফোন এবং কিছু নথিপত্র বাজেয়াপ্ত করা হয়েছে । আটক ব্যক্তিদের আজ আদালতে প্রেরণ করা হয়েছে ।

অতিরিক্ত পুলিশ সুপার শ্রীপল আরো জানান ------

#বাইট#

--------------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের দেওয়া পূর্বাভাস অনুযায়ী আজ আসাম, অরুণাচল প্রদেশ এবং মেঘালয়ে প্রবল বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে । এই সময়ে আসাম ও মেঘালয়ের স্থান বিশেষে ঘণ্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে বাতাস প্রবাহিত হওয়ার পাশাপাশি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । অনুরূপভাবে অরুণাচল প্রদেশের কিছু কিছু স্থানে বৃষ্টিপাত সহ ৩০ থেকে ৪০ মিটার বেগে বাতাস বয়ে যেতে

পারে । পূর্বাভাসে বলা হয়েছে যে- উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন স্থান সহ অন্য কয়েকটি রাজ্যেও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।

---

শ্রীভূমি জেলার জলসম্পদ বিভাগের পক্ষ থেকে আসন্ন বন্যার মরশুমে জনসাধারণের সুবিধার্থে ২৪ ঘন্টা কার্যকর থাকা একটি কন্ট্রোল রুম আগামী পয়লা মে থেকে খোলা হবে । এই কন্ট্রোল রুমের দায়িত্বে রয়েছেন , জলসম্পদ বিভাগের বাস্তুকার জহর জ্যোতি নাথ । তার মোবাইল নম্বর হচ্ছে- ৭০০২৫৮৪৮২৯ ।

---

সম্মিলিত সাংস্কৃতিক মঞ্চ শিলচরের ব্যবস্থাপনায় প্রতিবছরের মতো এবারও 'হৃদয়ে রবীন্দ্রনাথ চেতনায় উনিশ ' শীর্ষক বার্ষিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এরই অংশ হিসেবে আগামী ১৭ মে ১৯ শের মহাপথচলা অনুষ্ঠিত হবে বলে আজ মঞ্চের কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানানো হয় । এছাড়া মাসব্যাপী চলা এই কার্যসূচীতে পথনাটক , আলোচনা সভা ,সাংস্কৃতিক অনুষ্ঠান , বিভিন্ন প্রতিযোগীতা ,চিত্রপ্রদর্শনী ইত্যাদি রয়েছে ।

---

হাইলাকান্দি জেলার শ্রীকিষান সারদা কলেজের এন এস এস ইউনিটের উদ্যোগে এবং আইকিউএসি-র সহযোগিতায় আজ কলেজে আয়োজিত রক্তদান শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরে মোট ২৭ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

---